

## ঈমান বিধ্বংসী দশটি কারণ

বিভাগ/অধ্যায়ঃ ইমান ভঙ্গের কারণ এবং তার বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ খায়রুল ইসলাম বিন ইলিয়াস

৯. যে ব্যক্তি মনে করে মুহাম্মাদ (ছাঃ)-এর শরী'আত ব্যতীত অন্য কোন ধর্মে জীবন পরিচালনা করলেও জান্নাত পাওয়া যাবে বা আল্লাহর সন্তুষ্টি পাওয়া সম্ভব, সে ব্যক্তি কাফির হয়ে যাবে

৯. যে ব্যক্তি মনে করে মুহাম্মাদ (ছাঃ)-এর শরী'আত ব্যতীত অন্য কোন ধর্মে জীবন পরিচালনা করলেও জান্নাত পাওয়া যাবে বা আল্লাহর সন্তুষ্টি পাওয়া সম্ভব, সে ব্যক্তি কাফির হয়ে যাবে। মহান আল্লাহ বলেন, وَمَنْ يَبْنِعْ غَيْرَ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ 'যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য ধর্মকে গ্রহণ করবে তার কোন আমল গ্রহণ করা হবে না এবং সে আখেরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে' (আলে ইমরান ৮৫)।

মহান আল্লাহ অন্যত্র বলেন, وَمَنْ يُشَاقِقِ الرَّسُولَ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَىٰ وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ مَا تَوَلَّىٰ وَنُصَلِّهِ جَهَنَّمَ وَسَاءَتْ مَصِيرًا 'যে কেউ রাসূলের বিরুদ্ধাচরণ করে, তার কাছে সরল পথ প্রকাশিত হওয়ার পর এবং সব মুসলমানের অনুসৃত পথের বিরুদ্ধে চলে, আমি তাকে ঐ দিকেই ফেরাব যে দিকে সে অবলম্বন করেছে এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করব। আর তা নিকৃষ্টতর গন্তব্যস্থান' (নিসা ১১৫)।

মানুষ আল্লাহর দীন ত্যাগ করে অন্য দীন তালাশ করে, অথচ আসমান-যমীনে যা কিছু আছে সবকিছুই আল্লাহর দীন মেনে চলে। মহান আল্লাহ বলেন, أَفَغَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا 'তারা কি আল্লাহর দীনের পরিবর্তে অন্য দীন তালাশ করছে? আসমান ও যমীনে যা কিছু রয়েছে স্বেচ্ছায় হোক আর অনিচ্ছায় হোক, তাঁরই অনুগত হবে এবং তাঁর দিকেই ফিরে যাবে' (আলে ইমরান ৮৩)। এ আয়াত দ্বারা বুঝা যায়, জড় বস্তু আল্লাহর দীনের অনুগত হ'তে বাধ্য, আর মানুষের বিষয়টিতো এর চেয়ে কঠিন। কারণ মানুষ আল্লাহর দীন মানবে বলে রুহের জগতে ওয়াদাবদ্ধ হয়ে এসেছে। যা লঙ্ঘন করলে চিরস্থায়ী জাহান্নামী হ'তে হবে।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=4001>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন